## অধ্যায়-৩: মনোভাব

৭৯. মনোভাব বলতে কোনটিকে বোঝায়? [অনুধাবন]
ক দৈহিক প্রস্তুতি খ মানসিক প্রস্তুতি
গ সজাতিসাধন ঘ প্রভুতিমূলক সক্রিয়তা ঘ

৮০. মনোভাবের সাথে জড়িত আবেগকে মনোভাবের কোন উপাদান বলে? [জ্ঞান]
ক অবহিতিমূলক খ অনুভূতিমূলক
গ ক্রিয়ামূলক ঘ আচরণগত খ

৮১. মনোভবকে একটি মানসিক বিষয়বস্তুর প্রতি ঋণাত্মক মাত্রা বলে আখ্যায়িত করেছেন কে? [জ্ঞান]
ক শেরিক খ থার্সটোন
গ আর্থার স্ট্যাটস ঘ এডোরনো খ

৮২. মনোভাবের অনুভূতিমূলক উপাদান বলতে কোনটিকে বোঝানো হয়? [অনুধাবন]
ক জ্ঞানকে খ আচরণকে
গ আবেগকে ঘ বিশ্বাসকে গ

৮৩. মনোভাবের যেসব সংজ্ঞা প্রচলিত আছে তাদের প্রত্যেকটিতে কোনো বিষয়ের প্রতি— [অনুধাবন]
i. প্রবণতা আছে ii. প্রস্তুতি আছে
iii. সজাতি বিধানের কথা উল্লেখ আছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii ঘ

৮৪. মনোভাবের সাথে জড়িত থাকে— [অনুধাবন]
i. আবেগ ii. অনুভূতি
iii. মূল্যবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii ক

৮৫. মনোভাব ও মতামত এক জিনিস নয়। কারণ— [উচ্চতর দক্ষতা]
i. মনোভাব হলো বাচনিক প্রকাশ
ii. মতামত হলো বাচনিক প্রকাশ
iii. মনোভাব হলো আচরণ করার প্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii গ

নিচের উদ্দীপকটি পড় এবং ৮৬ ও ৮৭ নং প্রশ্নের উত্তর দাও:
সাকিব কলাবাগান ক্রিকেট দলের অধিনায়ক। সে ভালো খেলোয়াড় কিন্তু দলের অন্যান্য ক্রিকেটারের সাথে অসংগতিমূলক আচরণের জন্য ক্রিকেট বোর্ড শাস্তিমূলক ব্যবস্থা করলে অন্য ক্রিকেটাররা তার পাশে দাঁড়ায়নি, কারণ তাকে কারোর ভালো লাগে না।

৮৬. উদ্দীপকে ক্রিকেটাররা সাকিবের বিপক্ষে যাওয়া কোনটি নির্দেশ করে? [প্রয়োগ]
ক আচরণ খ মনোভাব
গ ব্যক্তিত্ব ঘ মতামত খ

৮৭. সাকিবকে ভালো না লাগার কারণে অন্যরা তার পাশে দাঁড়ায়নি— এটি যে উপাদান নির্দেশ করে— [উচ্চতর দক্ষতা]
i. জ্ঞানমূলক ii. অনুভূতিমূলক
iii. ক্রিয়ামূলক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii খ

৮৮. মনোভাবের ক্ষেত্রে অনুভূতি— [অনুধাবন]
i. অতি গুরুত্বপূর্ণ উপাদান
ii. বর্তমান থাকে না iii. বর্তমান থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii খ

৮৯. করণ শিক্ষার মূল শর্ত হলো— [অনুধাবন]
i. সন্তুষ্টি লাভ ii. পুরস্কার লাভ
iii. তিরস্কার লাভ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii ক

৯০. মনোভাব মূলত কয়টি ধারায় পরিবর্তন হয়? [জ্ঞান]
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি ক

৯১. মনোভাব পরিবর্তনের সবচেয়ে জনপ্রিয় মতবাদ কোনটি? [জ্ঞান]
ক সমান দূরত্ববিশিষ্টমতবাদ
খ অবহিতিমূলকসামঞ্জস্যহীনতা মতবাদ
গ ভারসাম্য মতবাদ
ঘ সামাজিক দূরত্ব মতবাদ খ

নিচের উদ্দীপকটি পড় এবং ৯২ ও ৯৩ নং প্রশ্নের উত্তর দাও:
মারুফ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে একটি সংগঠনে যোগদান করে। সংগঠন থেকে সে ছাত্ররাজনীতি, রাজনীতির সুফল, কুফল ও পরিণতি সম্পর্কে প্রথম ধারণ পান। সংগঠনের অন্য সদস্যদের দ্বারা প্রভাবিত হয়ে মারুফও রাজনীতি ভাবাপন্ন হয়ে পড়ে।

৯২. মারুফের মনোভাব গঠনে রস স্ট্যাগনারের কোন শর্তটি কাজ করে? [প্রয়োগ]
ক সমাকলন খ পৃথকীকরণ
গ মানসিক আঘাত ঘ গ্রহণ ঘ

৯৩. মারুফের মনোভাব গঠনে যে অবস্থা কাজ করে— [উচ্চতর দক্ষতা]
i. তথ্য পরিবেশন ii. ব্যক্তিত্ব
iii. সমিতি
নিচের কোনটি সঠিক?
ক i ও iii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii ক

৯৪. কোন প্রতিষ্ঠানের প্রতি মানুষের মনোভাব পরিমাপে প্রথম সমান দূরত্ব বিশিষ্ট মানকটি তৈরি করা হয়? [জ্ঞান]
ক মন্দিরের প্রতি খ গির্জার প্রতি
গ ক্লাবের প্রতি ঘ বিদ্যালয়ের প্রতি খ

৯৫. কোন মানকের পাঁচটি মাত্রা রয়েছে? [জ্ঞান]
ক থার্স্টোন ও সেভ মানক
খ লিকার্ট মানক
গ বোগার্ডাস মানক ঘ হাইডার মানক খ

৯৬. ফুটবুল স্কেলের দুই প্রান্তে থাকবে— [অনুধাবন]
i. অনুকূল অভিমত
ii. প্রতিকূল অভিমত iii. নিরপেক্ষ অভিমত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i, ii ও iii ঘ i ও iii ঘ

৯৭. সাম্রাজ্যবাদ মনোভাব পরিমাপে কোন মানক ব্যবহার করা হয়? [জ্ঞান]
ক লিকার্ট মানক খ থার্স্টোন মানক
গ সামাজিক দূরত্ব মানক
ঘ বোগার্ডাস মানক ক

৯৮. লিকার্ট মানকে 'সম্পূর্ণ একমত' হলে কত নম্বর দেয়া হয়? [জ্ঞান]
ক ১ খ ২ গ ৩ ঘ ৫ ঘ

Teachingbd.com

৯৯. লিকার্ট মানকে কোন সাফল্যাঙ্কটির ব্যাখ্যা বেশ জটিল? [জ্ঞান]
ক সর্বপ্রথমটির খ সর্বশেষটির
গ মধ্যবর্তীটির ঘ পান্তীয়টির **গ**

১০০ লিকার্ট মানকের মাত্রা হলো— [অনুধাবন]
i. সম্পূর্ণ একমত ii. ভিন্নমত
iii. স্থির করতে পারছি না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১০১ সামাজিক দূরত্ব পরিমাপ মানকটি কে তৈরি করেন? [জ্ঞান]
ক থার্স্টোন খ লিফার্ট
গ বোগার্ডাস ঘ হাইডার **গ**

১০২ আমেরিকানদের সাথে সামাজিক দূরত্ব কম কোন কোন জাতির? [অনুধাবন]
ক ইংরেজ ও হিন্দু খ কানাডীয় ও নিগ্রো
গ হিন্দু ও নিগ্রো ঘ ইংরেজ ও কানাডীয় **ঘ**

১০৩. সামাজিক দূরত্ব মানকে মনোভাব পরিমাপ করা হয়— [অনুধাবন]
i. বিভিন্ন জাতি সম্পর্কে
ii. বহির্গোষ্ঠী দলের সহনশীল মনোভাবে
iii. সাম্রাজ্যবাদ বিষয়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

১০৪. মনোভাবের অন্যতম উপাদান কী? [অনুধাবন]
ক ব্যক্তি খ সমাজ
গ অবহিতি ঘ মতামত **গ**

১০৫. অবহিতিমূলক সামঞ্জস্যহীনতা মতবাদ কে প্রবর্তন করেন? [জ্ঞান]
ক হাইডার খ নিউকোম্ব
গ লিও ফেস্টিঞ্জার ঘ বোগার্ডাস **গ**

১০৬. ভারসাম্যহীন মতাবাদের মধ্যে অন্যতম হলো— [অনুধাবন]
i. লিও ফেস্টিঞ্জারের মতবাদ
ii. হাইডারের মতবাদ
iii. নিউকোম্ব এর মতবাদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

১০৭. হাইডারের ভারসাম্য মতবাদের ত্রুটি হলো— [অনুধাবন]
i. উপাদানগুলোর ইতিবাচকতা উল্লেখ করা হয়েছে
ii. উপাদানগুলোর নেতিবাচকতা উল্লেখ করা হয়েছে
iii. উপাদানগুলোর অনুভূতির মাত্রা উল্লেখ করা হয়েছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড় এবং ১০৮ ও ১০৯ নং প্রশ্নের উত্তর দাও:
আশি ও নব্বইয়ের দশকে অফিস, আদালত ও ব্যক্তিগত যোগাযোগের জন্য চিঠিপত্র ব্যবহার করত। কিন্তু বর্তমানে সব ক্ষেত্রে মোবাইল, ইন্টারনেট ব্যবহৃত হয়। এজন্য বর্তমানে তানভীর সাহেবের চিঠিপত্রের সাথে মোবাইল ইন্টারনেট ব্যবহারে অসঙ্গতি দেখা দিয়েছে, যেটা তার মধ্যে একটি মানসিক চাপ সৃষ্টি করে।

১০৮. উদ্দীপকে যে বিষয়টি নিয়ে আলোচনা করা হয়েছে? [প্রয়োগ]
ক ভারসাম্য মতবাদ
খ সামঞ্জস্যহীনতা মতবাদ
গ অবহিতিমূলক সামঞ্জস্যহীনতা মতবাদ
ঘ ভারসাম্যহীন মতবাদ **গ**

১০৯. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি যেভাবে হ্রাস করা যায়— [উচ্চতর দক্ষতা]
i. আচরণ অবহিতি পরিবর্তন করে
ii. পরিবেশের অবহিতি পরিবর্তন করে
iii. যোগাযোগের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১১০. Praejudicium শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [জ্ঞান]
ক গ্রিক শব্দ খ ল্যাটিন শব্দ
গ ইংরেজি শব্দ ঘ ফরাসি শব্দ **খ**

১১১. ইংরেজি Prejudice শব্দটির বাংলা প্রতিশব্দ কী? [জ্ঞান]
ক পূর্বসিদ্ধান্ত খ বদ্ধমূল
গ পূর্বসংস্কার ঘ পক্ষপাতদুষ্ট **গ**

১১২. বিভিন্ন জাতির মধ্যে বহু সাম্প্রদায়িক দাঙ্গা সংঘটিত করেছে কোনটি? [অনুধাবন]
ক প্রথা বিরোধিতা খ আগ্রাসন
গ উপযোজন ঘ পূর্বসংস্কার **ঘ**

১১৩. পূর্বসংস্কার কমিয়ে আনতে কী ধরনের শিক্ষার প্রচলন করা দরকার? [অনুধাবন]
ক বয়স্ক শিক্ষা খ কারিগরি শিক্ষা
গ আন্তঃসম্পর্কীয় শিক্ষা
ঘ আন্তঃকৃষ্টিমূলক শিক্ষা **ঘ**

১১৪. কোন ধারণায় অনুকূল বা প্রতিকূল মনোভাব থাকে? [অনুধাবন]
ক বদ্ধমূল ধারণা খ পূর্বসংস্কার
গ মূল্যবোধ ঘ আগ্রাসন **খ**

১১৫. যে ব্যক্তি মাথার টুপি পরে সে অধিক ধার্মিক, আর যে ব্যক্তি মাথার টুপি পরে না সে কম ধার্মিক— এটি কোন ধারণার মধ্যে পড়ে? [প্রয়োগ]
ক পূর্বসংস্কার খ বদ্ধমূল ধারণা
গ ব্যক্তিত্ব ঘ মূল্যবোধ **খ**

১১৬. বদ্ধমূল ধারণার বৈশিষ্ট্য হচ্ছে— [অনুধাবন]
i. শ্রেণিভুক্তকরণ
ii. গুণাবলি আরোপে মতৈক্য
iii. প্রকৃতি ও আরোপিত গুণাবলির মধ্যে পার্থক্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

১১৭. বদ্ধমূল ধারণা হলো ব্যক্তি সম্পর্কিত— [উচ্চতর দক্ষতা]
i. কম তথ্যনির্ভর ধারণা
ii. অবিশ্বাস্য রকমের ধারণা
iii. বোকামির ধারণা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ক**

Teachingbd.com